# বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট

নশিপুর, দিনাজপুর-৫২০০

www.bwmri.gov.bd

স্মারক নং-১২.২৬.০০০০.০০১.১১.০০১.২৪-৪৭৯

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩২ / ২২ জুন ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল/২০১৫ ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | সিনিয়র সহকারী পরিচালক ৩৫৫০০ - ৬৭০১০/- (গ্রেড-৬) | ০১ (এক) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মানব সম্পদ ব্যবস্থাপনাসহ অন্যূন ২য় শ্রেণি বা সিজিপিএ-৩.৫০সহ এম. বি. এ ডিগ্রি;<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানে মানব সম্পদ ও প্রশাসন বিষয়ে অন্যূন ৩ তিন) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অফিস ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন ৪০ (চল্লিশ) ঘণ্টার প্রশিক্ষণ; এবং<br>(ঘ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটারের অফিস অ্যাপ্লিকেশন বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ডিপ্লোমা কোর্সের সনদ থাকিতে হইবে। |
| ২ | বৈজ্ঞানিক কর্মকর্তা ২২০০০ - ৫৩০৬০/- (গ্রেড-৯) | ০৬ (ছয়) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান, কৃষি অর্থনীতি, কৃষি প্রকৌশল, ফুড ইঞ্জিনিয়ারিং বা পরিসংখ্যান বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন ২য় শ্রেণির স্নাতক বা সমমানের সিজিপিএসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষিতে অন্যূন ২য় শ্রেণির স্নাতক বা সমমানের সিজিপিএসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, তবে শিক্ষা জীবনে কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি, বিভাগ বা সমমান গ্রহণযোগ্য নয়। |
| ৩ | খামার তত্ত্বাবধায়ক ২২০০০ - ৫৩০৬০/- (গ্রেড-৯) | ০৪ (চার) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান, কৃষি অর্থনীতি, কৃষি প্রকৌশল, ফুড ইঞ্জিনিয়ারিং বা পরিসংখ্যান বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন ২য় শ্রেণির স্নাতক বা সমমানের সিজিপিএসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষিতে অন্যূন ২য় শ্রেণির স্নাতক বা সমমানের সিজিপিএসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, তবে শিক্ষা জীবনে কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি, বিভাগ বা সমমান গ্রহণযোগ্য নয়। |
| ৪ | সহকারী পরিচালক ২২০০০ - ৫৩০৬০/- (গ্রেড-৯) | ০২ (দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ বি.বি.এ (ফাইন্যান্স) ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হইতে কম্পিউটার আইসিটি বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ডিপ্লোমা কোর্সের সনদ থাকিতে হইবে। |
| ৫ | মেডিকেল অফিসার ২২০০০ - ৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ (এক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে চিকিৎসা বিজ্ঞানে স্নাতক (এমবিবিএস) ডিগ্রি, তবে শিক্ষা জীবনে কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি, বিভাগ বা সমমান গ্রহণযোগ্য নয়। |
| ৬ | সহকারী প্রকৌশলী ২২০০০ - ৫৩০৬০/- (গ্রেড-৯) | ০২ (দুই) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি, তবে শিক্ষা জীবনে কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি, বিভাগ বা সমমান গ্রহণযোগ্য নয়। |
| ৭ | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার ২২০০০ - ৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ (এক) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমান ডিগ্রি; এবং<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮ | হিসাবরক্ষণ কর্মকর্তা ১৬০০০ - ৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন ২য় শ্রেণির স্নাতক বা সমমানের সিজিপিএসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) অর্থ ও হিসাব, বাজেট বা অডিট সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| | | | |
|---|---|---|---|
| ৯ | উপসহকারী প্রকৌশলী<br>১৬০০০ - ৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ০৩ (তিন) | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পুরকৌশল বিষয়ে অন্যূন ২য় বিভাগ বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা। |
| ১০ | ব্যক্তিগত সহকারী<br>১১০০০ - ২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১১ | হিসাব রক্ষক<br>১১০০০ - ২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে এমএস অফিসে কাজ করিবার সনদসহ দক্ষতা থাকিতে হইবে। |
| ১২ | প্রধান সহকারী<br>১১০০০ - ২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে এমএস অফিসে কাজ করিবার সনদসহ দক্ষতা থাকিতে হইবে। |
| ১৩ | উচ্চমান সহকারী<br>১০২০০ - ২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৩ (তিন) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে এমএস অফিসে কাজ করিবার সনদসহ দক্ষতা থাকিতে হইবে। |
| ১৪ | বৈজ্ঞানিক সহকারী<br>১০২০০ - ২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ১৫ (পনেরো) | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা, তবে শিক্ষা জীবনে কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি, বিভাগ বা সমমান গ্রহণযোগ্য নয়। |
| ১৫ | অডিটর<br>১০২০০ - ২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে এমএস অফিসে কাজ করিবার সনদসহ দক্ষতা থাকিতে হইবে। |
| ১৬ | কম্পাউন্ডার<br>৯৭০০ - ২৩৪৯০/-<br>(গ্রেড-১৫) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মেসী, মেডিক্যাল টেকনোলজি বা কম্পাউন্ডারশীপ এ ২য় বিভাগ বা সমমানসহ ডিপ্লোমা। |
| ১৭ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০ - ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৫ (পাঁচ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:-<br>(অ) বাংলা: প্রতি মিনিটে ২০(বিশ) শব্দ; এবং<br>(আ) ইংরেজি: প্রতি মিনিটে ২০(বিশ) শব্দ। |
| ১৮ | টেকনিশিয়ান<br>৯৩০০ - ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ বা সমমানসহ উত্তীর্ণ এবং<br>(খ) কোন স্বীকৃত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্স বা সমমানের সনদপ্রাপ্ত। |
| ১৯ | স্টোর কিপার<br>৯৩০০ - ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ বা সমমানসহ উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে এমএস অফিসে কাজ করিবার সনদসহ দক্ষতা থাকিতে হইবে। |
| ২০ | অফিস সহায়ক<br>৮২৫০ - ২০০১০/-<br>(গ্রেড-২০) | ০৮ (আট) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**নিয়োগের শর্তাবলি:**

১। প্রার্থীগণকে অনলাইনে (http://bwmri.teletalk.com.bd) আবেদন করতে হবে। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত আছে, অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

২। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৩। মুদ্রিত/হাতে লেখা কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৫। প্রার্থীর বয়স ২০/০৭/২০২৫ খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে।

(ক) ১ নং পদে আবেদনকারীগণের বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বৎসর

(খ) ২-২০ নং পদে আবেদনকারীগণের বয়সসীমা ১৮ (আঠার) থেকে ৩২(বত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। সরকার কর্তৃক প্রচলিত সকল প্রকার কোটা সরকারি বিধি অনুযায়ী অনুসরণ করা হবে।

৭। লিখিত/প্রায়োগিক/সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয় পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমানক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য সম্বলিত আবেদন পত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। আবেদনকারীর মোবাইল ফোনে Teletalk Bangladesh Limited হতে SMS এর মাধ্যমে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

১১। অনিবার্য কারণে কর্তৃপক্ষ জারিকৃত বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি কৃষি মন্ত্রণালয়ের গত ০২/০৬/২০২৫ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০৬২.১১.০০২.২০-২১১, স্মারকপত্রের আলোকে প্রচার করা হল।

১৪। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর (www.bwmri.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৫। যেকোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোনো প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এতদসংক্রান্ত বিধি-বিধান কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৭। উপরে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রয়োজ্য হবে।

১৮। যে কোন তথ্যের জন্য ই-মেইল (anu.dinaj@bwmri.gov.bd অথবা ddadmn.bwmri@gmail.com) এ যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও যে কোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে ১২১ এ ফোন করা যেতে পারে।

১৯। <u>আবেদনকারীর অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:</u>

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bwmri.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- Online এ আবেদন পত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫/০৬/২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।
- Online এ আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০৭/২০২৫ খ্রিঃ, বিকাল ০৫:০০ ঘটিকা।
- উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য 300×প্রস্থ 80 pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য 300×প্রস্থ 300 pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন Print Copy পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:**

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৭ নং পদের জন্য ২০০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ২৩/- টাকা সহ মোট ২২৩/- টাকা (অফেরতযোগ্য); ৮-৯ নং পদের জন্য ২০০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ২৩/- টাকা সহ মোট ২২৩/- টাকা (অফেরতযোগ্য); ১০-১৯ নং পদের জন্য ১০০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা সহ মোট ১১২/- টাকা (অফেরতযোগ্য); ২০ নং পদের জন্য ৫০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা সহ মোট ৫৬/- টাকা (অফেরতযোগ্য) এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) এর জন্য ৫০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা সহ মোট ৫৬/- টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

প্রথম SMS: BWMRI<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। *Example BWMRI ABCDEF*
*Reply: Applicant's Name, Tk. 223/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BWMRI<space>Yes<space>PIN and send to 16222.*
দ্বিতীয় SMS: BWMRI<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। *Example BWMRI YES 12345678*
*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BWMRI Application for post xxxxxx. User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)*

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://bwmri.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যু ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.bwmri.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://bwmri.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

User ID জানা থাকলে: BWMRI<space>Help<space>User<space>User ID & Send to 16222
*Example: BWMRI Help User ABCDEF & Send to 16222*
PIN Number জানা থাকলে: BWMRI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
*Example: BWMRI Help PIN 12345678 & Send to 16222*

ঞ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

***** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

22.06.25

মোঃ আমিনুল ইসলাম আনু
উপপরিচালক
(মহাপরিচালকের পক্ষে)